Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## নয়া দিগন্ত



ঢাবিতে উচ্চশিক্ষায় মান নিশ্চয়তাবিষয়ক জাতীয় সম্মেলনে অতিথিরা

### ঢাবিতে উচ্চশিক্ষায় মান নিশ্চয়তাবিষয়ক জাতীয় কনফারেন্স অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো 'উচ্চশিক্ষায় মান নিশ্চয়তার অগ্রগতি : বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি নেতৃত্বের অভিজ্ঞতা' শীর্ষক দিনব্যাপী জাতীয় কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে কনফারেন্সের উদ্বোধনী পর্ব অনুষ্ঠিত হয় ভিসির অফিসসংলগ্ন অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক মান নিশ্চয়তা সেল (আইকিউএসি) কনফারেন্সের আয়োজন করে। এতে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

উদ্বোধনী পর্বে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। বিশেষ অতিথি ছিলেন প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্য অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী। সম্মানিত অতিথি ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান ■ ৪র্থ পৃ: ৫-এর কলামে

## আলোকিত বাংলাদেশ



### ঢাবিতে উচ্চশিক্ষায় মান নিশ্চয়তাবিষয়ক কনফারেন্স

**আলোকিত ডেস্ক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো 'উচ্চশিক্ষায় মান নিশ্চয়তার অগ্রগতি : বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি নেতৃত্বের অভিজ্ঞতা' শীর্ষক দিনব্যাপী জাতীয় কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে কনফারেন্সের উদ্বোধনীপর্ব অনুষ্ঠিত হয় উপাচার্যের অফিস সংলগ্ন অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক মান নিশ্চয়তা সেল (আইকিউএসি) কনফারেন্সটির আয়োজন করে। এতে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

## জনকণ্ঠ

### ঢাবিতে উচ্চশিক্ষায় মান নিশ্চয়তা বিষয়ক জাতীয় কনফারেন্স

**জনকণ্ঠ ডেস্ক ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) প্রথমবারের মতো 'উচ্চশিক্ষায় মান নিশ্চয়তার অগ্রগতি : বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি নেতৃত্বের অভিজ্ঞতা' শীর্ষক দিনব্যাপী জাতীয় কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে উপাচার্যের অফিস সংলগ্ন অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এই কনফারেন্সের উদ্বোধনী পর্ব অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক মান নিশ্চয়তা সেল (আইকিউএসি) কনফারেন্সটির আয়োজন করে। এতে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ।